গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জনস্বাস্থ্য-২ অধিশাখা

বিষয়ঃ ২৬/০২/২০১৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ে সরকারি (স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর) ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ব্যাপক প্রচারের নিমিত্ত ব্যবহারের জন্য প্রস্তুতকৃত আইইসি উপকরণাদির অনুমোদনের লক্ষ্যে নির্ণায়ক স্থিরীকরণের উদ্দেশ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

বিগত ২৬/০২/ ২০১৩খ্রিঃ তারিখ টায় জনাব সুভাষ চন্দ্র সরকার, যুগ্ম সচিব (জনস্বাস্থ্য) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ে সরকারি (স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর) ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ব্যাপক প্রচারের নিমিত্ত ব্যবহারের জন্য প্রস্তুতকৃত আইইসি উপকরণাদির অনুমোদনের লক্ষ্যে নির্ণায়ক স্থিরীকরণের উদ্দেশ্যে গঠিত কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে উপস্থাপন করা হলো।

সভায় এপিআর-২০১২ এর সুপারিশের আলোকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ে প্রস্তুতকৃত সকল আইইসি উপকরণ সরকারের নীতিমালার সাথে সাযুজ্যপূর্ণ, ধর্মীয় ও সাংস্কৃতিক ভাবধারায়, রাষ্ট্রবিরোধী নয় এমন, যে কোন বার্তার দ্বৈততা পরিহার এবং সর্বোপরি একই বিষয়ে সকল প্রতিষ্ঠানের একীভূত বার্তা প্রকাশ নিশ্চিত করার নির্ণায়ক স্থিরীকরণের বিষয়ে সভাপতির আহ্বানে উপস্থিত সকল সদস্য মতামত প্রকাশ করেন এবং বিস্তারিত আলোচনায় অংশ নেন। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ

১. দেশে সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক দেশের ব্যাপক জনগোষ্ঠীর উদ্দেশ্যে স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সম্পর্কিত যে কোন আইইসি উপকরণ নির্মাণ/ প্রস্তুত করতে গেলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নির্ধারিত আইইসি টেকনিক্যাল কমিটির মাধ্যমে প্রচারযোগ্যতার অনুমোদন গ্রহণ করতে হবে।

২. স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সম্পর্কিত যে কোন আইইসি উপকরণ নির্মাণ/প্রস্তুত এর নিমিত্ত অনুমোদনের জন্য বিষয় অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টরের মাধ্যমে অথবা সরাসরি আইইসি টেকনিক্যাল কমিটি'র আহ্বায়ক বরাবর উপকরণটি নির্মাণের উদ্দেশ্য, উদ্দিষ্ট জনগোষ্ঠী, মাধ্যম ও ব্যবহারকারীর বিবরণী উল্লেখপূর্বক আবেদন করতে হবে।

৩. মুদ্রণযোগ্য ও ইলেকট্রনিক যে কোন উপকরণ নির্মাণ/প্রস্তুতের পুর্বে আইইসি কমিটি'র নিকট সংশ্লিষ্ট উপকরণের স্ক্রীপ্ট উপস্থাপনপূর্বক অনুমোদন নিতে হবে।

৪. অনুমোদিত স্ক্রীপ্টের উপর নির্ভর করে মুদ্রণযোগ্য ও ইলেকট্রনিক যে কোন উপকরণ নির্মাণ/প্রস্তুত সম্পন্ন করে চূড়ান্ত অনুমোদনের জন্য আইইসি টেকনিক্যাল কমিটিতে উপস্থাপন করে মাঠপর্যায়ে প্রচারের জন্য অনুমোদন নিতে হবে।

৫. উপকরণাদির কারিগরী মান, গুণ, বার্তার সামঞ্জস্যতা, ধর্মীয় ও সাংস্কৃতিক সংবেদনশীলতা, রাষ্ট্রীয় নীতিমালার সাথে যে কোন ধরণের সাংঘর্ষিকতা পরিহার ইত্যাদি এবং সরকারি নীতির সঙ্গে এর সামঞ্জস্যতা নিশ্চিত করার জন্য সকল উপকরণাদির কারিগরীসহ সামগ্রিক বিষয়াদি পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা করার প্রয়োজনে নিম্নেবর্ণিত নির্ণায়কসমূহ (criteria) নির্ধারণ করা হলো।

- উপকরণে সরবরাহকৃত তথ্যাদি স্বাস্থ্য ও জনসংখ্যা নীতি, এইচপিএনএসডিপি, স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর-এর কৌশলের সাথে সাযুজ্যপুর্ণ হতে হবে;
- উপকরণটি অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজের উপাদানসমূহ ধারণ করতে হবে;
- তথ্য/বার্তার কারিগরী বিষয়সমূহ যথার্থ হতে হবে;
- বার্তাটি সহজ পাঠ্য, সহজ বোধ্য কিংবা স্পষ্ট হতে হবে;

চলমান পাতা

- উপকরণে ব্যবহৃত ছবি ও অন্যান্য বর্ণনাসমূহ সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- উপকরণের সাংস্কৃতিক, সামাজিক ও ধর্মীয় গ্রহণযোগ্যতা থাকতে হবে;
- উপকরণটিতে সাম্প্রদায়িক বা সামাজিক সম্প্রীতি বিনষ্টকারী কোন অভিমত/প্রভাব থাকতে পারবে না;
- উপকরণটিতে পরিবেশিত তথ্যের বৈজ্ঞানিক ব্যাখ্যা বিশেষজ্ঞ কর্তৃক পরীক্ষিত হতে হবে;
- বার্তাটিতে রাষ্ট্রবিরোধী কোন তথ্য/মত থাকতে পারবে না;
- উপকরণে ব্যবহৃত ফটো, ছবির মান, ফন্ট, রং, শব্দ, আলো, কণ্ঠস্বর, মিউজিক ইত্যাদি যথাযথ মানসম্মত হতে হবে;
- বার্তাটির জন্য নির্দিষ্ট জনগোষ্ঠী স্থির করা এবং নির্দিষ্ট জনগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতির সাথে মিল থাকতে হবে;
- বার্তাটির মাধ্যমে উদ্দীষ্ট জনগোষ্ঠীর জন্য কোন ধরণের আহ্বান থাকতে হবে;
- বার্তাটি কাঙ্খিত জনগোষ্ঠী দ্বারা পূর্ব পরীক্ষা করতে হবে।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
সুভাষ চন্দ্র সরকার
যুগ্ম সচিব (জনস্বাস্থ্য)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নংঃ ৪৫.১৬১.০৬০.১১৬.০০.০০১.২০১২-৩১১ তারিখঃ ২৬ ফেব্রুয়ারি, ২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়)ঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা।
৩। যুগ্মসচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। পরিচালক (পিএইচসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক, আইপিএইচএন ও লাইন ডাইরেক্টর, এনএনএস।
৬। উপ-প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। পরিচালক (আই.ই.এম), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা।
৮। পরিচালক (জনসংখ্যা কার্যক্রম), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৯। পরিচালক (অনুষ্ঠান) বাংলাদেশ বেতার, সদর দপ্তর,শাহবাগ, ঢাকা।
১০। এডিটর কাম ট্রান্সলেটর, আইইএম ইউনিট, প. প.অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা।
১১। পরিচালক, বিসিসিপি, বাড়ী-৩ এ, রোড-৭৪, গুলশান-২, ঢাকা।

২৬/২/২০১৩
(ইফ্ফাত আরা মাহমুদ)
উপসচিব
ফোন: ৯৫১৫৫৩১

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্মারক নং-**

# পরিপত্র

বিষয়ঃ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থা কর্তৃক প্রণীত/ নির্মিত বিভিন্ন প্রকার আইইসি উপকরণ এর অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, দেশের জনগণের সুস্বাস্থ্য নিশ্চিত করা ও পরিকল্পিত পরিবার গঠনের মাধ্যমে জনসংখ্যা বৃদ্ধির হার হ্রাস করে মানুষের জীবন মান উন্নয়ন কল্পে জনসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ে সরকারি (স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর) ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ব্যাপক প্রচারের নিমিত্ত ব্যবহারের জন্য বিভিন্ন প্রকার আইইসি উপকরণ প্রস্তুত করা হয়। লক্ষ্য করা গিয়েছে যে, এই সকল প্রচার সামগ্রী নির্মাণ কালে যথাযথ সমন্বয় না থাকার কারণে একই বিষয়ের বার্তা ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠান ভিন্ন ভিন্ন ভাবে উপস্থাপনের ফলে উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে বার্তাটি ভুল ভাবে উপস্থাপিত হয়। এমন কি কোন কোন সময় কোন কোন বার্তা এমন ভাবে উপস্থাপন করা হয়, যাতে জনসমক্ষে এর নেতিবাচক, বিভ্রান্তিকর ও স্পর্শকাতর প্রতিক্রিয়া দেখা দেয়।

২। বিষয়টি অনুধাবন করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির বার্ষিক কার্যক্রম সমীক্ষাকালে স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে যে কোন বার্তা উন্নয়ন ও উপকরণ তৈরী কার্যক্রমের সমন্বয় সাধনকে গুরুত্বের সাথে বিবেচনা করা হয়। এই লক্ষ্যে সরকারের নীতিমালার সাথে সাযুজ্যপূর্ণ, ধর্মীয় ও সাংস্কৃতিক ভাবধারায়, রাষ্ট্রবিরোধী নয় এমন, যে কোন বার্তার দ্বৈততা পরিহার এবং সর্বোপরি একই বিষয়ে সকল প্রতিষ্ঠানের একীভুত বার্তা প্রকাশ নিশ্চিত করার কতিপয় নির্ণায়ক ও এতদ্বিষয়ে কিছু নীতিমালা প্রণয়ন করে।

৩। এমত অবস্থায় জনসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ে সরকারি (স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর) ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক আইইসি উপকরণ নির্মাণ/ প্রস্তুতপূর্বক ব্যাপক প্রচারের কাজে ব্যবহারের পূর্বে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

১. স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সম্পর্কিত যে কোন আইইসি উপকরণ নির্মাণ/ প্রস্তুত এর নিমিত্ত অনুমোদনের জন্য বিষয় অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টরের মাধ্যমে অথবা সরাসরি আইইসি টেকনিক্যাল কমিটি'র সভাপতি বরাবর উপকরণটি নির্মাণের উদ্দেশ্য, উদ্দিষ্ট জনগোষ্ঠী, মাধ্যম ও ব্যবহারকারীর বিবরণী উল্লেখপূর্বক আবেদন করতে হবে।

২. মুদ্রণযোগ্য ও ইলেকট্রনিক যে কোন উপকরণ নির্মাণ/ প্রস্তুতের পূর্বে আইইসি কমিটি'র নিকট সংশ্লিষ্ট উপকরণের স্ক্রীপ্ট উপস্থাপনপূর্বক অনুমোদন নিতে হবে।

৩. অনুমোদিত স্ক্রীপ্টের উপর নির্ভর করে মুদ্রণযোগ্য ও ইলেকট্রনিক যে কোন উপকরণ নির্মাণ/ প্রস্তুত সম্পন্ন করে চুড়ান্ত অনুমোদনের জন্য আইইসি টেকনিক্যাল কমিটিতে উপস্থাপন করে মাঠপর্যায়ে প্রচারের জন্য অনুমোদন নিতে হবে।

৪. চুড়ান্ত অনুমোদনের পূর্বে উদ্দিষ্ট জনগোষ্ঠীর কাছে বার্তাটির গ্রহণযোগ্যতা পূর্ব-পরীক্ষা করে নিতে হবে।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আইইসি টেকনিক্যাল কমিটি কর্তৃক অনুমোদনের নিমিত্ত দাখিলকৃত আইইসি উপকরণের নির্ণায়ক ভিত্তিক অবস্থা**

## আইইসি উপকরণ মূল্যায়ন চেকলিষ্ট

**দাখিলকৃত উপকরণ : বার্তা/প্রিন্ট/ইলেকট্রনিক/বিলবোর্ড/স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র/টিভিসি/টিভি ম্যাগাজিন/নাটক/অন্যান্য (নাম লিখুন)**

**দাখিলকারী প্রতিষ্ঠান :**

**উপকরণটি নির্মাণের উদ্দেশ্য :**

**কাদের জন্য প্রস্তুত করা হবে/ হয়েছেঃ**

**প্রচারের মাধ্যম :**

**ব্যবহারকারী প্রতিষ্ঠানের তথ্য :**

| **ক্রমিক** | *নির্ণায়ক* | **হ্যাঁ (২)** | **না (০)** | **প্রযোজ্য নয় (২)** | **সংযোজন/ বিয়োজন** |
|---|---|---|---|---|---|
| *(১)* | *(৩)* | *(৪)* | *(৫)* | *(৬)* | *(৭)* |
| ১ | উপকরণে সরবরাহকৃত তথ্যাদি জাতীয় স্বাস্থ্য নীতি, জাতীয় জনসংখ্যা নীতি, এইচপিএনএসডিপি এবং স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর-এর কৌশলের সাথে সাযুজ্যপূর্ণ কিনা? | | | | |
| ২ | তথ্য/ বার্তার কারিগরী বিষয়সমূহ যথার্থ কিনা? | | | | - |
| ৩ | বার্তাটি সহজ পাঠ্য, সহজ বোধ্য কিংবা স্পষ্ট কিনা? | | | | - |
| ৪ | উপকরণে ব্যবহৃত ছবি ও অন্যান্য বর্ণনাসমূহ সামঞ্জস্যপূর্ণ কিনা? | | | | - |
| ৫ | উপকরণের সাংস্কৃতিক, সামাজিক ও ধর্মীয় গস্খহণযোগ্যতা রয়েছে কিনা? | | | | - |
| ৬ | বার্তাটিতে রাষ্ট্রবিরোধী কোন তথ্য/মত রয়েছে কিনা? | | | | - |
| ৭ | উপকরণে ব্যবহৃত ফটো, ছবির মান, ফন্ট, রং, শব্দ, আলো, কণ্ঠস্বও, মিউজিক ইত্যাদি যথাযথ মানসম্মত কিনা? | | | | - |
| ৮ | *বার্তাটির জন্য নির্দিষ্ট জনগোষ্ঠী স্থির করা হয়েছে কিনা ?* | | | | |
| ৯ | *নির্দিষ্ট জনগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতির সাথে বার্তাটির মিল রয়েছে কিনা?* | | | | |
| ১০ | বার্তাটির মাধ্যমে নির্দিষ্ট জনগোষ্ঠী কোন সুবিধা লাভ করবে কিনা? | | | | - |
| ১১ | বার্তাটিতে উদ্দীষ্ট জনগোষ্ঠীর জন্য কোন ধরণের আহ্বান রয়েছে কিনা? | | | | - |
| ১২ | বার্তাটি কাঙ্খিত জনগোষ্ঠী দ্বারা পূর্ব পরীক্ষা করা হয়েছে কিনা? | | | | - |
| | **সর্বমোট প্রাপ্ত নম্বর** | | | | |